# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর
ঢাকা-১০০০, বাংলাদেশ

পরিচালক

টেলিফোন: ৯৬৬৩১২৯ (অফিস), পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০,৮৬১৬৮৩৩-৩৮,৮৬১৪৬৪০-৪৪,৮৬১৮৩৪৪-৪৯/৭৩৫৪,৭৪৯৩,৭৫১৫ (অফিস)
Fax: +880 2 9665622 Email: daers@buet.ac.bd


নং-ডিএইআরএস/CASR/এফ-১৯/বিপ্রম/২০১৩/ডিআর- ৪৫৭ (৬২) তারিখ- ১৬/০৬/২০১৩

সকল অনুষদের ডীন
সকল বিভাগীয় প্রধান
পরিচালক, IWFM, IAT, IICT, JIDPUS, CES
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

বিষয়ঃ- **২০১৩-২০১৪ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রকল্পে বিশেষ অনুদান প্রদানের বিজ্ঞপ্তি সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের লক্ষ্যে বিশেষ অনুদান হতে ২০১৩-২০১৪ অর্থ বছরে অর্থায়নের নিমিত্তে প্রকল্প-প্রস্তাব সংক্রান্ত একখানা পত্র ও তদসংযুক্তিসমূহ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। এতদসংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয়ের নির্ধারিত আবেদনপত্র ও গাইডলাইন এর আলোকে গবেষণা প্রকল্প প্রস্তাব ইলেকট্রনিক কপি এবং হার্ডকপি ছয় সেট (৫ কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ এবং ১ কপি এই অফিসের রেকর্ডের জন্য) **জরুরী ভিত্তিতে** আগামী ২৪/০৬/২০১৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ থাকে যে, প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমূহ একত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যথাসময়ে মন্ত্রণালয়'তে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, গবেষণা প্রকল্প প্রস্তাব সম্পর্কিত যাবতীয় তথ্য **website: www.most.gov.bd.** থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ডঃ সেখ রিয়াজ আহমেদ)
পরিচালক, ডি.এ.ই.আর.এস

অবগতির জন্য অনুলিপিঃ

নং-ডিএইআরএস/CASR/এফ-১৯/বিপ্রম/২০১৩/ডিআর- ৪৫৭ (৬২)/২ তারিখ- ১৬/০৬/২০১৩

১। পিএস টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

hp/Drive-E/CASR Let/All Head (Bangla/page-62)/2013

আর-৫৫

বিষয়ঃ ২০১৩-২০১৪ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রকল্পে বিশেষ অনুদান প্রদানের বিজ্ঞপ্তি সংক্রান্ত।

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে একটি পত্র পাওয়া গিয়েছে (পৃঃ/২)। উক্ত পত্রের সঙ্গে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের "বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের লক্ষ্যে বিশেষ অনুদান হতে ২০১৩-২০১৪ অর্থ বছরে অর্থায়নের নিমিত্ত গবেষণা ও উন্নয়নমূলক প্রকল্প-প্রস্তাব আহ্বান"-সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি (পৃঃ/১) সংযুক্ত করে তা অত্র বিশ্ববিদ্যালয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

উল্লেখ্য, গবেষণা প্রকল্প সংক্রান্ত কাজকর্ম এই বিশ্ববিদ্যালয়ের ডিএইআরএস অফিস করে থাকে বিধায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে প্রাপ্ত পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিএইআরএস অফিসে প্রেরণ করা যেতে পারে।

পেশ করা হল।

AR

Director DAERS

11/6/13

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(Fax:880-02-7169606, Web:www.most.gov.bd)

# বিজ্ঞপ্তি

বিষয়ঃ বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের লক্ষ্যে বিশেষ অনুদান হতে ২০১৩-২০১৪ অর্থ বছরে অর্থায়নের নিমিত্ত গবেষণা ও উন্নয়নমূলক প্রকল্প-প্রস্তাব আহবান।

প্রতিষ্ঠিত গবেষণা সংস্থা/বিশ্ববিদ্যালয়/বিজ্ঞান ক্লাব/বিজ্ঞান সমিতি/বৈজ্ঞানিক সংস্থা ও স্কুল-কলেজ এবং বিভিন্ন ক্ষেত্রে গবেষণা কাজে নিয়োজিত বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, তরুন ও ক্ষুদে বিজ্ঞানীর নিকট হতে "Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012)"-এ উল্লিখিত নির্ধারিত ছকে ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক নিম্নলিখিত ক্যাটাগরীতে বিশেষ অনুদানের জন্য গবেষণা প্রস্তাব আহবান করা যাচ্ছেঃ (i) জীব বিজ্ঞান, (ii) পরিবেশ বিজ্ঞান, (iii) ইঞ্জিনিয়ারিং এন্ড এপ্লাইড সাইন্স (iv) ফিজিক্যাল সাইন্স (v) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, (vi) ইন্টার ডিসিপ্লিনারী।

২। আবেদনকারীকে গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে গাইডলাইনে উল্লিখিত সকল শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

৩। উল্লেখ্য যে, পরবর্তীতে গাইডলাইনে বর্ণিত শর্তের কোন পরিবর্তন হলে সেটিও আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।

৪। প্রকল্প প্রস্তাব দাখিলের সময় নিম্নবর্ণিত তথ্যাদি সংযুক্ত করতে হবেঃ

(i) প্রকল্প প্রস্তাবের সাথে প্রকল্প পরিচালক ও সহযোগী গবেষক এর সাম্প্রতিক সময়ে তোলা ৪(চার) কপি করে ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(ii) সরকারী সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব/বিজ্ঞান সমিতি/বৈজ্ঞানিক সংস্থার ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে।

(iii) আবেদনপত্রে প্রতিষ্ঠান প্রধান, প্রকল্প পরিচালক এবং সহযোগী গবেষকের স্বাক্ষর ও নামাংকিত সীলমোহর অবশ্যই থাকতে হবে (বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের স্থলে রেজিস্ট্রারের নামাঙ্কিত স্বাক্ষর ও সীলমোহর হলেই চলবে)।

(iv) আবেদন ফরম ও গাইডলাইন সংগ্রহের মূল রশিদ।

৫। নিম্নলিখিত গবেষক/কৃষি বিজ্ঞানীগণকে অগ্রাধিকার দেয়া হবেঃ

(i) যে সকল গবেষক আইসিটি, রিনিউএবলএনার্জী, ফুড সিকিউরিটি, ক্লাইমেট চেঞ্জ, ও এনভায়রনমেন্ট সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পসহ দেশের বর্তমান চাহিদার সাথে সংগতিপূর্ণ গবেষণা দাখিল করবেন;

(ii) যে সকল গবেষক বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত প্রকল্প অনুদান এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান/গবেষণা প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানের অর্থ নিয়ে যৌথভাবে গবেষণা কর্ম পরিচালনা করছেন বা করবেন;

(iii) ইতোপূর্বে যে সকল শিক্ষক/গবেষকগণ এ অনুদান গ্রহণ করে গবেষণার ফলাফল কোন প্রতিবেদন/রিপোর্ট/পেপার এবং পেটেন্ট জাতীয় এবং আন্তর্জাতিক পত্রিকায় প্রকাশ করেছেন ;

(iv) উদ্ভাবিত যন্ত্রপাতি/দ্রব্যের বাজারে প্রতিযোগিতামূলক যোগ্যতা রয়েছে এমন গবেষককে ;

(v) যারা ইতোপূর্বে অনুদান গ্রহণ করে ফলপ্রসু ও উৎসাহ ব্যাঞ্জক কর্ম সম্পাদন করেছেন তাদের গবেষণা কর্মের ধারাবাহিকতা বজায় রাখার জন্য পুনরায় প্রকল্প দাখিল করেছেন;

(vi) বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রামত গবেষণা কার্যক্রম যা দেশের আর্থ সামাজিক উন্নয়ন/দারিদ্র বিমোচন/নারী উন্নয়নে সহায়ক ফলাফল ধর্মী (result oriented) এমন গবেষণা।

(vii) প্রকল্প প্রস্তাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যেমনঃ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ভিসি/ রেজিষ্ট্রার, অন্যান্য সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা/ যাচাই-বাছাইপূর্বক একই সঙ্গে প্রেরণ।

৬। প্রকল্প প্রস্তাবক/গবেষক/শিক্ষকগণ ক্রমিক নং ৪ এ বর্ণিত বিষয়াদি ব্যক্তিগত তথ্যের পরে অবশ্যই সংযুক্ত করবেন।

৭। সংশ্লিষ্ট গাইডলাইন (নীতিমালা) ও আবেদন পত্রের ফরম (১) বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ড. কুদরাত-ই-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা, (২) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, শেরে-ই-বাংলানগর, আগারগাঁও, ঢাকা ও (৩) ন্যাসডক, আগারগাঁও, ঢাকা হতে ১০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে সংগ্রহ করা যাবে। তাছাড়া মন্ত্রণালয়ের Website:www.most.gov.bd, থেকে আবেদনপত্র ও গাইডলাইন সংগ্রহ করা যাবে, তবে প্রকল্প জমা দেয়ার সময় ১০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে গাইড লাইন ও আবেদন ফরম ক্রয়ের মূল রশিদ অবশ্যই জমা দিতে হবে। আগামী ৩০/০৬/২০১৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকল্প প্রস্তাবের ৫ (পাঁচ) কপি (প্রস্তাবিত প্রকল্প সিডি-তে সফট কপিসহ) মন্ত্রণালয়ের অধিশাখা- ৯ এ অবশ্যই পৌঁছাতে হবে।

৮। অসম্পূর্ন গবেষণা প্রস্তাব বিবেচনার জন্য গণ্য হবে না।

৯। যোগ্যতা, দক্ষতা ও প্রকল্পের মান বিবেচনা করে স্বচ্ছতা ও নিরপেক্ষতার মাধ্যমে অনুদান প্রদান করা হবে। যে কোন রকম তদবীর/ব্যক্তিগত যোগাযোগ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১০। গবেষণা প্রস্তাব গ্রহণ বা বাতিলের সকল ক্ষমতা মন্ত্রণালয় সংরক্ষন করে।

২৮/৪/২০১৩

(মুঃ হুমায়ূন কবীর খন্দকার)
উপ-সচিব
কক্ষ নং-৯১৭, ১০ম তলা, ভবন নং-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোনঃ ৯৫৭৬৫৩৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৯.০০৯.০১৪.০৯৯.০০.০০১.২০০৭/১১০৭/১(৩) তারিখঃ ০৩-০৬-২০১৩

বিষয়ঃ ২০১৩-২০১৪ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রকল্পে বিশেষ অনুদান প্রদানের বিজ্ঞপ্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ২৩-০৫-২০১৩ তারিখের The Daily Star এবং দৈনিক জনকন্ঠ পত্রিকায় আবেদনপত্র আহ্বান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বিজ্ঞপ্তির একটি কপি সদয় অবগতি ও তাঁর প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মুঃ হুমায়ুন কবীর লস্কর)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৬৫৩৯

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা/ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা/ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার/ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/ জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা/ খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা/ রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর/ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/ শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা/ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর/ পটুয়াখালী সায়েন্স এন্ড টেকনোলজী বিশ্ববিদ্যালয়, দুমকী, পটুয়াখালী/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

২। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা/ বিসিএসআইআর, ঢাকা।

৩। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনিস্টিটিউট, গাজীপুর/ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ/ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা।

৪। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা/ Shahid Shurawardy Medical College, Dhaka/ National Institute of Kidney Disease & Urology, Sher-e-Banglanagar, Dhaka/ National Institute of Cardiovascular Disease (NICVD), ঢাকা/ বারডেম, শাহবাগ, ঢাকা/ স্যার সলিমুল্লাহ ও মিডফোর্ড হাসপাতাল, ঢাকা/ নিপসম মহাখালী, ঢাকা/ ঢাকা শিশু হাসপাতাল, ঢাকা/ National Heart foundation Hospital and Research Institute, Plot-7/2, Section 2, Mirpur 2, Dhaka/ ঢাকা ডেন্টাল কলেজ ও হাসপাতাল, মিরপুর, ঢাকা/ চট্টগ্রমাম মেডিকেল কলেজ ও হাসপাতাল, চট্টগ্রাম/ কুমিল্লা মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা/ সিলেট মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট/ বরিশাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল/ খুলনা মেডিকেল কলেজ ও হাসপাতাল, খুলনা/ যশোর মেডিকেল কলেজ ও হাসপাতাল, যশোর/ পাবনা মেডিকেল কলেজ ও হাসপাতাল, পাবনা/ রাজশাহী মেডিকেল কলেজ ও হাসপাতাল, রাজশাহী/ বগুড়া মেডিকেল কলেজ ও হাসপাতাল, বগুড়া/ রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল, রংপুর।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অফিস কপি।

D:\Section-9\Letter\Advertisement document Send to Varaties Institute.doc